No. of Printed Pages—3

371 (BN)

[17–HRGPKAC–D1S]

BA/BMC 1st Semester Exam., 2017

BENGALI

(Modern Indian Language)

[BBN 01]

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

1. অতি সংক্ষিপ্ত উত্তর লিখুন (প্রতিটি ১টি বা ২টি বাক্যের ভিতরে) : 1×8=8

(a) 'বংশীনাদে' কাব্যাংশটি কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে ?

(b) 'পুরনো কাগজের ফিরিওলা' কবিতাটির কবি কে ?

(c) ''কূপমণ্ডূক 'অসংযমী'র আখ্যা দিয়াছে যারে।'' 'কূপমণ্ডূক' শব্দের অর্থ কী ?

(d) ইন্দিরা দেবীকে লেখা রবীন্দ্রনাথের চিঠিগুলি কী নামে প্রকাশিত হয়েছে ?

(e) বন্দী সাজাহানের প্রহরায় কে ছিলেন ?

(f) এক কথায় প্রকাশ করুন :

'বুদ্ধের উপাসক' *অথবা* 'যা একটি ধারা বেয়ে চলে'

(g) 'নাগালের বাইরে চলে যাওয়া' বোঝাতে কোন্ বাগ্‌ধারাটি ব্যবহার করা হয়ে থাকে ?

(h) ধাতুর পূর্বে কোন্ পদ বসলে তাকে উপসর্গ বলে ?

2. সংক্ষিপ্ত উত্তর লিখুন (প্রতিটি ৫০ শব্দের ভিতরে) : 2×8=16

(a) ''কে না বাঁশী বাএ বড়ায়ি কালিনী নই কূলে।'' বড়ায়ি কে ?

(b) টীকা লিখুন :

আখড়া *অথবা* নওরোজ

(c) মাইকেল মধুসূদন দত্ত রচিত মহাকাব্যটির নাম কী ? এর কাহিনী কোথা থেকে নেওয়া হয়েছে ?

(d) বাল্যকালে ইন্দিরা দেবীর পিতা তাঁকে কী কী বই পড়তে দিয়েছিলেন ?

(e) ''দিলদারের রাজনৈতিক জ্ঞান অসাধারণ।'' 'সাজাহান' নাটক অবলম্বনে মন্তব্যটি সংক্ষেপে পরিস্ফুট করুন।

(f) পদ পরিবর্তনে কী কী পদ যোগ করতে হয় ?

(g) নিম্নোক্ত যে কোনো **একটি** বিশেষ্য পদের দুটি করে বিশিষ্ট প্রয়োগ লিখুন :

মাথা ; পাকা।

(h) দৃষ্টান্তসহ তৎসম শব্দের সংজ্ঞা লিখুন।

3. সংক্ষেপে যে কোনো **পাঁচটির** উত্তর লিখুন(প্রতিটি ১০০ শব্দের ভিতরে) : 4×5=20

(a) ব্যাখ্যা লিখুন :

''এই যে লঙ্কা, হৈমবতী পুরী,
শোভে তব বক্ষস্থলে, হে নীলাম্বুস্বামি,
কৌস্তুভ-রতন যথা মাধবের বুকে,
কেন হে নির্দয় এবে তুমি এর প্রতি ?''

(b) ''দূর করে দাও দাসীর চিহ্ন, যেথা যত আভরণ।'' তাৎপর্য বিশ্লেষণ করুন।

(c) গাজিপুরের গরম সম্পর্কে ইন্দিরা দেবীর অভিজ্ঞতা বর্ণনা করুন।

(d) রবীন্দ্রনাথের বিবাহের সময় কী শোকজনক ঘটনা ঘটেছিল ?

(e) টীকা লিখুন :

পিয়ারা *অথবা* জয়সিংহ

(f) সংস্কৃত ও বিদেশি উপসর্গ দিয়ে গঠিত যে কোনো তিনটি বাংলা শব্দের গঠন উল্লেখ করুন।

4. নিম্নলিখিত যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর লিখুন (প্রতিটি *৩০০* শব্দের ভিতরে) : 8×2=16

(a) রুপাইকে কেন গ্রামের সকলেই ভালবাসে, কারণগুলি লিপিবদ্ধ করুন।

(b) স্মৃতিকথা কাকে বলে? ইংরেজি সাহিত্য উপভোগ ও চর্চা সম্পর্কে ইন্দিরা দেবীর অনুভূতির বর্ণনা দিন।

(c) উপযুক্ত দৃষ্টান্তসহ যে কোনো চারটি বানানবিধির আলোচনা করুন।

5. যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর লিখুন (প্রতিটি *৪০০* শব্দের ভিতরে) : 10×2=20

(a) কবি অজিত দত্তের চোখে আধুনিক মানুষের জীবনযাত্রার কোন্ রূপটি ধরা পড়েছে তা বিশ্লেষণ করে দেখান।

(b) কাজী নজরুল ইসলামের জীবন ও কাব্য সম্পর্কে একটি সংক্ষিপ্ত নিবন্ধ প্রস্তুত করুন।

(c) ঐতিহাসিক নাটক কাকে বলে? ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান'-এর সার্থকতা বিচার করুন।

★★★